

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী প্রকল্প পরিচালকের কার্যালয়
মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায়
হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
পূর্বলামাপাড়া, ফতুল্লা, নারায়নগঞ্জ।

স্মারক নং-১৬.০৫.৬৭০০.১০১.১১.০০১.১৮-৪৬১

তারিখঃ ০৮ পৌষ, ১৪২৬
২৩ ডিসেম্বর, ২০১৯

বিষয় : প্রকল্পের শিক্ষাকেন্দ্রে অস্থায়ী ভিত্তিতে শিক্ষক নিয়োগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট কর্তৃক বাস্তবায়নাধীন মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম -৫ম পর্যায় শীর্ষক প্রকল্পের নারায়নগঞ্জ জেলার আওতায় নিম্নবর্ণিত শিক্ষাকেন্দ্রসমূহে নিম্নোক্ত শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হবে।

ক্রমিক	কেন্দ্র কোড	কেন্দ্রের নাম ও ঠিকানা	মাসিক সম্মানী ভাতা	কেন্দ্রে ধরণ	মন্তব্য
০১।	২১৯	শ্রী শ্রী শিবরাম গোপাল জিউর মন্দির, সদর নারায়নগঞ্জ।	সর্বসাকুল্যে ৪৫০০/-	প্রাক-প্রাথমিক	
০২।	২৪৮	শ্রী শ্রী রক্ষাকালী মন্দির, মোগরাপাড়া, সোনারগাঁ, নারায়নগঞ্জ।		প্রাক-প্রাথমিক	
০৩।	২২৩	শ্রী শ্রী হরিসভা মন্দির, গোদনাইল, সিদ্ধিরগঞ্জ, নারায়নগঞ্জ।		প্রাক-প্রাথমিক	
০৪।	২৪২	শ্রী শ্রী বনদুর্গা সেবাশ্রম, জিয়াসতলা, কায়েতপাড়া, নারায়নগঞ্জ।		প্রাক-প্রাথমিক	
০৫।	২৫২	শ্রী শ্রী কৃষ্ণ শিব মন্দির, একরামপুর, বন্দর, নারায়নগঞ্জ।		প্রাক-প্রাথমিক	
০৬।	২১০	শ্রীশ্রী সিদ্ধিগোপাল জিউ মন্দির, খানপুর, ২০ নং নগরখানপুর, নারায়নগঞ্জ।		প্রাক-প্রাথমিক	
০৭।	২১৩	শ্রীশ্রী নৃসিংহ জিউড মন্দির, মিনা বাজার, সদর, নারায়নগঞ্জ।		প্রাক-প্রাথমিক	
০৮।	২২৯	রক্ষাকালী মন্দির, গ্রাম-জহরপুর, বন্দর, নারায়নগঞ্জ।		প্রাক-প্রাথমিক	

শর্তাবলী :

- ১। প্রার্থীর বয়স আগামী ২৯/১২/২০১৯ খ্রি: তারিখ (১৮-৪৫) বছরের মধ্যে হতে হবে।
- ২। প্রার্থীকে ন্যূনতম এস,এ,সি, পাশ হতে হবে।
- ৩। নিয়োগের ক্ষেত্রে মহিলা, মন্দিরের পুরোহিত, বা সেবাইত (শিক্ষাগত যোগ্যতা থাকলে) কে অগ্রাধিকার দিতে হবে।
- ৪। প্রার্থীকে সনাতন (হিন্দু) ধর্মাবলম্বী হতে হবে এবং সংশ্লিষ্ট শিক্ষাকেন্দ্র এলাকার অধিবাসী হতে হবে।
- ৫। আগামী ২৯/১২/২০১৯ খ্রি: তারিখ এর মধ্যে পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্তসহ অফিস চলাকালীন সময়ের মধ্যে আবেদন করতে হবে।
- ৬। আবেদনপত্রের সঙ্গে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্রের কপি/চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদ, দুই কপি পাসপোর্ট সাইজের ছবি প্রদান করতে হবে।
- ৭। বাছাইকৃত বৈধ প্রার্থীদের আগামী ৩০/১২/২০১৯ খ্রি: তারিখে সার্কিট হাউজ কনফারেন্স রুমে সকাল ১১:টায় লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করবেন এবং একই দিন মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- ৮। মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতা এবং অন্যান্য সকল সনদের মূল কপি সঙ্গে আনতে হবে।
- ৯। নিয়োগ পরীক্ষার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না এবং আলাদা প্রবেশপত্র ইস্যু করা হবে না।
- ১০। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবীর প্রার্থীর যোগ্যতার পরিপন্থি বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ, বাছাই, ও বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

Shyamal Kumar Chakravarty

(শ্যামল কুমার চক্রবর্তী)
সহকারী প্রকল্প পরিচালক

ও

সদস্য সচিব (নিয়োগ কমিটি-০১)

মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায়
নারায়নগঞ্জ জেলা।

অনুলিপি :

- ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা সদর/ বন্দর/সোনারগাঁ/রুপগঞ্জ (তাঁকে বহুল প্রচারের অনুরোধসহ প্রেরণ)
- ৩। সভাপতি/সম্পাদক..... (মন্দির কমিটি)
- ৪। অফিস কপি।